অন্য উপায়ে হইতে পারে না। হে রহুগণ! এই বাসুদেববিষয়ক জ্ঞান কোন পুরুষ তপস্যার দ্বারা বৈদিককর্ম্ম দ্বারা প্রচুরতর অন্নাদি দান দ্বারা কিংবা পরোপকারাদি দ্বারা অথবা জল, অগ্নি প্রভৃতির উপাসনা দ্বারা লাভ করিতে পারে না। এস্থলে একটু বিশেষ বুঝিবার বিষয় এই যে—জ্ঞানস্বরূপের বিশেষণরূপে ব্রহ্মপদটি উল্লেখ থাকায় জীবস্বরূপ জ্ঞানের নিষেধ করা হইয়াছে ; যেহেতু জীবস্বরূপটি অণু এবং এই সঙ্গে যে জ্ঞানের সূক্ষ্মত্ব প্রভৃতি ধর্ম্ম আছে, সে জ্ঞানকেও নিষেধ করা হইয়াছে। অর্থাৎ জীবস্বরূপ জ্ঞান অথবা অনুত্বধর্ম্মযুক্ত জ্ঞান পরম প্রয়োজন বস্তু নহে। এই শ্লোকে মহৎকৃপা ভিন্ন কোন উপায়ে বহির্মুখ জীবের যে ভগবন্মুখতা ঘটিতে পারে না—তাহাই দেখান হইল। ১৮৫ ॥

তদেবং সৎসঙ্গ এব তৎসাম্মুখ্যদ্বারমিত্যুক্তম্। তে চ সন্তস্তৎসম্মুখা এবাত্র গৃহ্যন্তে ন তু বৈদিকাচারমাত্রপরাঃ অনুপযোগিত্বাৎ। তত্র যাদৃশঃ সৎসঙ্গস্তাদৃশমেব সম্মুখ্যং ভবতীতি বক্তুং তেষু সৎসু যে মহান্তস্তেষাং দ্বৈবিধ্যমাহ সার্দ্ধেন—মহান্তস্তে সমচিত্তাঃ প্রশান্তা বিমন্যবঃ সুহৃদঃ সাধবো যে। যে বা ময়ীশে কৃতসৌহৃদার্থা জনেষু দেহম্ভর-বার্ত্তিকেষু। গৃহেষু জায়াত্মজরতিমৎসু ন প্রীতিযুক্তা যাবদর্থাশ্চ লোকে ॥ ১৮৬ ॥

যে সমচিত্তা নির্বিশেষব্রহ্মনিষ্ঠাস্তে মহান্তস্তেষাং শীলমাহ, প্রশান্তা ইত্যাদি। মহদ্বিশেষমাহ, যে বেতি। বাশব্দঃ পক্ষান্তরে। উত্তরপক্ষত্বাদস্যৈব শ্রেষ্ঠ্যম্। ময়ি কৃতং সিদ্ধং যৎ সৌহৃদং প্রেম তদেবার্থঃ পরমপুরুষার্থো যেষাং তথাভূতা যে তে মহান্ত ইতি পূর্ব্বেণান্বয়ঃ। যতো ময়ি সৌহৃদার্থাস্তত এব দেহম্ভরবার্ত্তিকেষু বিষয়বার্ত্তানিষ্ঠেষু জনেষু তথা গেহেষু জায়াত্মজবন্ধুবর্গযুক্তেষু ন প্রীতিযুক্তাঃ, কিন্তু যাবদর্থাঃ যাবানর্থঃ শ্রীভগবদ্ভজনানুরূপং প্রয়োজনং তাবেনেবার্থো ধনং যেষাং তথাভূতা ইত্যর্থঃ। উভয়োর্মহত্ত্বঞ্চ মহাজ্ঞানিত্বাৎ মহাভার্গবতত্বাচ্চ। ন তু দ্বয়োঃ সাম্যাভিপ্রায়েণ। মুক্তানামপি সিদ্ধানাং নারায়ণপরায়ণ ইত্যাদ্যুক্তেঃ। অত্র জ্ঞানমার্গে ব্রহ্মানুভবিনো মহান্তঃ ভক্তিমার্গে লব্ধভগবৎপ্রেমাণো মহান্ত ইতি লক্ষণসামান্যমিতি জ্ঞেয়ম্ ॥ ৫।৫ ॥ শ্রীঋষভদেবঃ স্বপুত্রান্ ॥ ১৮৬ ॥

তাহা হইলে পূর্ব্বোক্ত সিদ্ধান্তানুসারে সৎসঙ্গই ভগবৎসাম্মুখ্যের দ্বার—ইহাই নির্ণীত হইয়াছেন। যে সকল সাধুসঙ্গ প্রভাবে বহির্মুখ জীব ভগবৎসাম্মুখ্য লাভ করিতে পারে, সেই সকল সাধু সতত ভগবদুন্মুখ না হইলে বহির্মুখ জীবকে ভগবদুন্মুখ করাইতে পারেন না। কেবলমাত্র বেদবিধি অনুসারে সদাচারপরায়ণ সাধুসঙ্গ ভগবদুন্মুখতা সম্পাদন করাইতে অনুপযোগী। তন্মধ্যেও যাহার যে জাতীয় সাধুর সঙ্গ ঘটিবে, তাহার সেই জাতীয় ভগবৎসাম্মুখ্য ঘটিবে। এই কথাটি বুঝাইবার জন্য সেইসকল